## উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির অক্টোবর-২০২৫ মাসের সভার কার্যবিবরনীঃ

সভাপতি ঃ মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
স্থান ঃ উপজেলা পরিষদ কনফারেন্স কক্ষ,খানসামা,দিনাজপুর ।
তারিখ ঃ ১৪/১০/২০২৫খ্রি , সময় ঃ সকাল ১১.০০ টা

সভায় উপস্থিত সদস্যগনের নাম,পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃনং | নাম ও পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ কামরুজ্জামান সরকার<br>উপজেলা নির্বাহী অফিসার, খানসামা,দিনাজপুর | সভাপতি | |
| ২ | জনাব মোঃ রিয়াজুল ইসলাম<br>চেয়ারম্যান,২নং ভেড়ভেড়ী ইউনিয়ন পরিষদ,খানসামা, দিনাজপুর | সদস্য | |
| ৩ | জনাব মোঃ আবু বকর সিদ্দীক চৌধুরী<br>চেয়ারম্যান ৪নং খামারপাড়া ইউনিয়ন পরিষদ,খানসামা,দিনাজপুর | সদস্য | |
| ৪ | জনাব মোঃ রবিউল ইসলাম তুহিন<br>চেয়ারম্যান ৫নং ভাবকি ইউনিয়ন পরিষদ,খানসামা দিনাজপুর | সদস্য | |
| ৫ | জনাব মোঃ আনিছুল হক, প্রধান শিক্ষক (অবসর প্রাপ্ত)<br>হাশিমপুর আওকড়া মসজিদ উচ্চ বিদ্যালয় , খানসামা, দিনাজপুর | সদস্য | |
| ৬ | জনাব জনাব একেএম শামসুজ্জামান<br>গ্রামঃ সুবর্ণখুলী , খানসামা, দিনাজপুর | সদস্য | |
| ৭ | জনাব মোঃ শাজাহান সরকার<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(ভারপ্রাপ্ত),খানসামা,দিনাজপুর | সদস্য সচিব | |

আলোচ্য বিষয় ঃ
১। ৫২তম গ্রীস্মকালীণ ক্রীড়া প্রতিযোগিতা প্রসঙ্গে।
২। দুর্বল শিক্ষার্থী প্রসঙ্গে।
৩। শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিতি নিশ্চিত করণ।
৪। বিবিধ ।

কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, খানসামা,দিনাজপুর মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন , এবং অদ্যকার সভার আলোচ্য সুচি উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিবকে অনুরোধ জানান । অতঃপর কমিটির সদস্য সচিব উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ( ভারপ্রাপ্ত ) জনাব মোঃ শাজাহান সরকার আলোচ্য সুচি উপস্থাপনের প্রারম্ভে সভায় জানান যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চললেও জনবল স্বল্পতার জন্য কাজে যথেষ্ঠ বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

অতঃপর আলোচ্য সুচি অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

১নং আলোচনা ঃ সদস্য-সচিব সভায় জানান যে গত মাসে অনুষ্ঠিত ৫২তম গ্রীস্মকালীণ ক্রীড়া প্রতিযোগিতায় উপজেলার অনেক শিক্ষা প্রতিষ্ঠান অংশ গ্রহণ করেন নাই ও বিজয়ী দল সমূহের অধিকাংশই জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন নাই।

আলোচনান্তে গৃহীত সিদ্ধান্ত ঃ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে উপজেলা পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হয় এবং উপজেলায় বিজয়ী দলসমূহকে জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের জোর তাগিদ দেওয়া হয় ।

২নং আলোচনা ঃ সদস্য-সচিব সভায় জানান যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন শ্রেণিতে অনেক দুর্বল শিক্ষার্থী রয়েছে।

আলোচনান্তে গৃহীত সিদ্ধান্ত ঃ দুর্বল শিক্ষার্থীদের চিহ্নিত করে তাদেরকে আলাদা ভাবে তত্বাবধান করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অনুরোধ করা হয়।

৩নং আলোচনা ঃ সদস্য-সচিব সভায় জানান বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের উপস্থিতি কম । এতে শিক্ষার্থীরা পাঠগ্রহন হতে বঞ্চিত হচ্ছে । অপরদিকে শিক্ষকরা পাঠদানে স্বাচ্ছন্দ পাচ্ছেন না ।

আলোচনান্তে গৃহীত সিদ্ধান্ত ঃ প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানের অনুপস্থিত শিক্ষার্থীদের তালিকা প্রস্তত পুর্বক শ্রেণি শিক্ষকগণের নেতৃত্বে অন্যান্য শিক্ষকগণ শিক্ষার্থীদের অভিভাবকগণের সাথে যোগাযোগ করে শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিতি নিশ্চিত করবেন । প্রয়োজনে শিক্ষকবৃন্দ "হোম ভিজিট" করবেন ।

বিবিধে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

২৪/০৫/২৫

( মোঃ কামরুজ্জামান সরকার )
সভাপতি
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা,দিনাজপুর ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর ।

স্মারক নং-উমাশিকা/খান/দিনাজ/উনিঅ/২৬/২০২৫/৮৭২ তারিখ: ১৪/১০/২০২৫ ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

১ । উপজেলা নির্বহী অফিসার ,খানসামা,দিনাজপুর ।

২। জনাব..................................................................... খানসামা,দিনাজপুর ।

৩। অফিস নথি ।

১৪/১০/২৫
(মোঃ শাজাহান সরকার )
সদস্য সচিব
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
ও
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(ভারপ্রাপ্ত)
খানসামা,দিনাজপুর।